বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (শর্টকোর্স শাখা)
আগারগাঁও, শেরে বাংলানগর
ঢাকা-১২০৭
Web site : **www.bteb.gov.bd**

স্মারক নং-বাকাশিবো/প-শর্টকোর্স/২০১০/১৩২ তারিখ ঃ ০৩/০২/২০১০ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে অত্র বোর্ডের জাতীয় দক্ষতমান বেসিক ৩৬০ ঘন্টা মেয়াদি কোর্সের (জানুয়ারি-মার্চ) ২০১০ সনের চুড়ান্ত লিখিত এবং ব্যবহারিক পরীক্ষা আগামী **০২ এপ্রিল ২০১০ খ্রিঃ শুক্রবার** সকাল **১০.০০** টায় বোর্ড কর্তৃক নির্বাচিত পরীক্ষাকেন্দ্রে অনুষ্ঠিত হবে।

পরীক্ষাকেন্দ্রের বিস্তারিত তালিকা পরবর্তিতে জানানো হবে। এ ছাড়া বোর্ডের ওয়েব সাইটে এতদসংক্রান্ত তথ্যাদি দেখা যাবে।

(ড. মোঃ নুরুল ইসলাম)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭
ফোন-৯১১৩২৮৩

অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান (বাকাশিবো/একাডে/১১২২/৯৪৩৬/২০০৮) মোতাবেক মান বন্টন অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে। উল্লেখ্য, ২০০৯ সালের জুলাই মাস হতে জাতীয় দক্ষতামান বেসিক ৩৬০ ঘন্টা সকল পরীক্ষা নতুন সিলেবাসে বর্ণিত মানবন্টন অনুযায়ী বোর্ড কর্তৃক প্রণীত প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে এবং উত্তরপত্র মূল্যায়নসহ ফলাফল বোর্ডের মাধ্যমে প্রকাশিত হবে।

পরীক্ষার ফি আদায়, প্রেরণ ও অন্যান্য নিয়মাবলি ঃ

১। যে সকল পরীক্ষার্থী ২০১০ সনের (জানুয়ারি-মার্চ সেসন) জাতীয় দক্ষতামান বেসিক ৩৬০ ঘন্টা পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন করেছেন শুধুমাত্র তারাই ০২ এপ্রিল ২০১০ তারিখে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

২। বাকাশিবো/একাডে/১১২২/ফেরুয়ারি, ২০০৭ প্রবিধান এর আলোকে কোন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলেও ০২ এপ্রিল ২০১০ তারিখে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৩। নতুন রেজিস্ট্রেশনকৃত সকল পরীক্ষার্থীর বিবরণ সম্বলিত তালিকা এবং ব্যাংক ড্রাফট জমার ফটোকপি সার্টিফিকেট কোর্স শাখায় **(কক্ষ নং ৯০১, ৯ম তলা) ২১ মার্চ হতে ২৫ মার্চ ২০১০ তারিখের মধ্যে প্রেরণ/জমা দিতে হবে।**

৪। তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক নম্বর (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে) এবং চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষার নম্বর (সংশ্লিষ্ট কেন্দ্র হতে আইসিআরের মাধ্যমে **পরীক্ষা সমাপ্তির সর্বোচ্চ ৩ দিনের মধ্যে বোর্ডে প্রেরণ করতে হবে।** আইসিআর ব্যতীত কোন নম্বরপত্র অত্র বোর্ডে গ্রহণ করা হবে না।

- ❖ **উল্লেখ্য আইসিআর এর ফটোকপি গ্রহণযোগ্য নহে।**

৫। **আগামী ২১ মার্চ হতে ২৫ মার্চ ২০১০ খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্ড রেজিস্ট্রেশন শাখা (৪র্থ তলা) হতে এবং সার্টিফিকেট কোর্স শাখা কক্ষ নং-৯০১, ৯ম তলা হতে ব্যাংক ড্রাফট ও পরীক্ষার্থীদের তালিকা প্রদান সাপেক্ষে আইসিআরসহ অন্যান্য দলিলাদি প্রতিষ্ঠানসমূহকে নিজ দায়িত্বে সংগ্রহ করতে হবে।**

- ❖ **উল্লেখ্য, রেজিস্ট্রেশন কার্ড পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে।**
- ❖ **২-কপি ৩৮.৩৮ মিমি আকারের ছবি রেজিস্ট্রেশন কার্ডে লাগানোর জন্য সঙ্গে আনতে হবে।**

৬। বোর্ড কর্তৃক প্রণীত প্রশ্নপত্রে চূড়ান্ত লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষা সমাপ্তির সর্বোচ্চ ৩ দিনের মধ্য উত্তরপত্র আইসিআর ও হাজিরা সীটসহ অন্যান্য তথ্যাদি অবশ্যই **হলুদ কাপড়ের প্যাকেটে সীলগালা করে (প্রতিষ্ঠান এবং কেন্দ্র যৌথভাবে)** নিম্নোক্ত ঠিকানায় পাঠাতে হবে।

৭। পরীক্ষা শুরুর ১ সপ্তাহ পূর্বে প্রতি পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ১০০/-টাকা হারে কেন্দ্র ফি বাবদ পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট নগদ (রশিদ প্রাপ্তি সাপেক্ষে) জমা দিতে হবে।

৮। পরীক্ষা শুরুর এক সপ্তাহ পূর্বে লিখিত পরীক্ষা গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা একটি পরীক্ষা কমিটি গঠন করবেন। কেন্দ্রাধীন প্রত্যক প্রতিষ্ঠান প্রধান অথবা তার মনোনীত একজন শিক্ষক নিয়ে পরীক্ষা কমিটি গঠন করতে হবে। পরীক্ষা কমিটির সদস্যসহ ব্যবহারিক পরীক্ষকদের পারিশ্রমিক এবং অন্যান্য ব্যয় কেন্দ্র ফি খাতে আদায়কৃত অর্থ থেকে নির্বাহ করতে হবে।

৯। পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ/টেকনিক্যাল ট্রেনিং সেন্টারকে পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক নিজ শিক্ষা প্রতিষ্ঠান (পরীক্ষাকেন্দ্র) হতে এবং অভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক স্বঃ স্বঃ শিক্ষা প্রতিষ্ঠান হতে নিয়োগের ব্যবস্থা করতে হবে। **উল্লেখ্য, সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত ও পাঠদানকারী শিক্ষকদের মধ্য হতে অভ্যন্তরীণ এবং অনাভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগের ব্যবস্থা করতে হবে।**

১০। অভ্যন্তরীণ এবং অনাভ্যন্তরীণ পরীক্ষক যৌথভাবে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করবেন এবং নম্বর প্রদান করবেন।

১১। পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র, পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডসহ পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ দলিলাদি একজন প্রশিক্ষক বা সমপর্যায়ের ব্যক্তির মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের/সংগ্রহের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

১২। পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ/প্রেরণ নিম্নবর্ণিত ঠিকানায় করতে হবে ঃ

- ❖ **পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলানগর ঢাকা-১২০৭।**
  ফোন ঃ ৯১১৩২৮৩।
  দৃষ্টি আকর্ষণ ঃ মোঃ মারফত আলী সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, কক্ষ নং-৯০১ (৯ম তলা)
  বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭। ফোনঃ ৮১৮১১৩৫।

স্মারক নং-বাকাশিবো/প-শর্টকোর্স/২০১০/১৩২(১৮) তারিখ ঃ ০৩/০২/২০১০খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, পশ্চিম আগারগাঁও, ঢাকা।

২। মহা-পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কাকরাইল, ঢাকা।

৩। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, পশ্চিম আগারগাঁও, ঢাকা।

৪। পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।

৫। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৬। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা **(বাকাশিবো/একাডে/১১২২/৯৪৩৬/২০০৮ প্রবিধান অনুযায়ী পরীক্ষার্থীদের আগামী ১৮ মার্চ ২০১০ খ্রিঃ তারিখের পূর্বে রেজিস্ট্রেসন কার্ড প্রিন্টপূর্বক রেজিস্ট্রেশন শাখায় প্রেরণ করাসহ বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের জন্য আপনাকে অনুরোধ করা হলো।)**

৮। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান বাকাশিবো/একাডে/১১২২/৯৪৩৬/২০০৮ অনুযায়ী উক্ত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, প্রেরণ এবং এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদানের জন্য অনুরোধ করা হলো।**

৯। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা **(রেজিস্ট্রেশন কার্ড সরবরাহের পূর্বে সকল প্রকার পাওনা আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ উল্লেখিত তারিখে রেজিস্ট্রেশন কার্ড সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।**

১০। মূল্যায়ন কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১১। বিশেষজ্ঞ (গবেষণা) , বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা **(সংশ্লিষ্ট ট্রেডের সিলেবাস এবং প্রবিধানের নতুন অন্তর্ভুক্ত বিষয়াবলি প্রতিষ্ঠানসমূহকে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।)**

১২। পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/টেকনিক্যাল ট্রেনিং সেন্টার/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ--।

১৩। ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৪। প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৫। পরিদর্শক, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ সমূহ/ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

১৬। অধ্যক্ষ/পরিচালক, জাতীয় দক্ষতমান বেসিক ৩৬০ ঘন্টা কম্পিউটার প্রশিক্ষণ এবং অন্যান্য কোর্স পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান--------------।

১৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৮। নথি।

৩/০২/২০১০

(মোঃ মারিফত আলী)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭
ফোন ঃ ৮১৮১১৩৫